জেলা পরিষদ কার্যালয়
পাবনা
www.zppabna.gov.bd

স্মারক নং-৪৬.০০.৭৬০০.০০০.০০১.০৩.০০০১.২৫.৬৯০

তারিখ ঃ ২৫ অগ্রহায়ণ ১৪৩২
১০ ডিসেম্বর২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, জেলা পরিষদ শাখা এর ১৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০০৩.১৭.২০৪৬ নং স্মারকের ছাড়পত্রের প্রেক্ষিতে পাবনা জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্নবর্ণিত শূণ্য পদসমূহের বিপরীতে "জাতীয় বেতন স্কেল, ২০১৫" এবং জেলা পরিষদ চাকুরী বিধিমালা, ১৯৯০ এর নিয়োগ বিধি অনুযায়ী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | বেতন ক্রম | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১ | হিসাব রক্ষক | ০১(এক) | ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) | ১৮-৩২ বছর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক ডিগ্রী এবং প্রাতিষ্ঠানিক কাজে অভিজ্ঞতা |
| ০২ | সাঁট লিপিকার | ০১(এক) | ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) | ১৮-৩২ বছর | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং তৎসহ ইংরেজিতে দ্রুতলিপি প্রতি মিনিটে ১০০ শব্দ এবং মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে ৫০ শব্দ এবং বাংলায় দ্রুতলিপি প্রতি মিনিটে ৭০ শব্দ ও মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে ৩৫ শব্দের যোগ্যতাসহ কম্পিউটার চালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকতে হবে এবং বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা এবং বয়সসীমা শিথিলযোগ্য |
| ০৩ | পরিবহন চালক | ০১(এক) | ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ১৮-৩২ বছর | হালকা যান চালনায় বৈধ লাইসেন্স থাকতে হবে এবং ইংরেজী ও বাংলা শব্দ পড়িবার সাধারণ জ্ঞানের অধিকারী হতে হবে |
| ০৪ | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর কাম-দপ্তরী | ০১(এক) | ৮৮০০-২১৩১০ (গ্রেড-১৮) | ১৮-৩২ বছর | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা তৎসহ মেশিন চালানোর বাস্তব অভিজ্ঞতা |
| ০৫ | অফিস সহায়ক | ০১(এক) | ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | ১৮-৩২ বছর | কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন ২য় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |

## শর্তাবলী

১. আবেদনকারীকে জন্মসূত্রে বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।

২. আবেদনকারী কর্তৃক নির্ধারিত আবেদন ফর্ম স্ব-হস্তে লিখিত হতে হবে এবং খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক আবেদন ফর্ম ডাকযোগে ১১/০১/২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা বরাবর পৌছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। নির্ধারিত আবেদন ফর্ম জেলা পরিষদ, পাবনা এর ওয়েবসাইট (www.zppabna.gov.bd) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mopa.gov.bd) বা (www.forms.gov.bd) এ পাওয়া যাবে।

৩. আবেদনকারীর বয়সসীমা ১১/০১/২০২৬ তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা।

৪. নির্ধারিত আবেদন ফর্মের নির্দেশনা ও চাহিদা অনুসারে প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

৫. সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে। প্রার্থীকে তার দাবীকৃত কোটার সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রমাণপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে দাখিল করতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

৬. আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে ঃ

(ক) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবিযুক্ত স্পষ্ট সিলসহ) কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতা এবং প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি

(খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবিযুক্ত স্পষ্ট সিলসহ) কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩ (তিন) কপি রঙিন ছবি।

(গ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবিযুক্ত স্পষ্ট সিলসহ) কর্তৃক জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি।

(ঘ) ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(ঙ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবিযুক্ত স্পষ্ট সিলসহ) কর্তৃক চারিত্রিক সনদপত্র।

(চ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে ১০ (দশ) টাকার ডাকটিকিট সম্বলিত আবেদনকারীর নাম ঠিকানা লিখে ফেরত খাম সংযুক্ত করতে হবে।



CamScanner

(ছ) আবেদনের সাথে যে কোন তফশিলভুক্ত ব্যাংক হতে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা এর অনুকূলে ক্রমিক নং ০১ হতে ০৩ এর বিপরীতে বর্ণিত পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ক্রমিক নং ০৪ ও ০৫ এর বিপরীতে বর্ণিত পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) পরীক্ষার ফি বাবদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৭. অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮. চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৯. একই ব্যক্তি একাধিক পদের জন্য আবেদন করতে পারবে না।

১০. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পন্ন হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণদেরকে পরবর্তীতে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১২. এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। সন্তোষজনক শিক্ষানবিশকাল সমাপ্তির পর বিধি মোতাবেক স্থায়ী করা হবে।

১৩. কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪. চাকুরীর শর্তাবলী, বেতন ভাতা/সুযোগ-সুবিধার ক্ষেত্রে স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা-কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০ এবং সরকার কর্তৃক জারিকৃত নির্দেশাবলী প্রযোজ্য হবে।

১৫. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৬. নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার তদবীর প্রার্থীর অযোগ্যতা হিসেবে গন্য হবে।

১৭. কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে। আবেদনপত্র গ্রহণ/বাতিল এবং নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১০/১২/২৫
(মাহফুজা সুলতানা)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ,পাবনা

স্মারক নং-৪৬.০০.৭৬০০.০০০.০০১.০৩.০০০১.২৫.৬১০(২৫০)

তারিখঃ ২৫ অগ্রহায়ণ ১৪৩২
১০ ডিসেম্বর২০২৫

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, রাজশাহী
৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। জেলা প্রশাসক, পাবনা
২। প্রশাসক, জেলা পরিষদ, পাবনা
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ.......................................(সকল)
৪। পুলিশ সুপার, পাবনা
৫। সিভিল সার্জন, পাবনা
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ/গণপূর্ত বিভাগ/পানি উন্নয়ন বোর্ড/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পাবনা
৮। জেলা হিসাব রক্ষণ ও ফিন্যান্স অফিসার, পাবনা
৯। উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, পাবনা
১০। জেলা শিক্ষা অফিসার, পাবনা
১১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পাবনা
১২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, পাবনা
১৩। জেলা ত্রাণ ও পুর্নবাসন কর্মকর্তা, পাবনা
১৪। উপজেলা নির্বাহী অফিসার,.........................(সকল) পাবনা
১৫। সহকারী পরিচালক, বিআরটিএ, পাবনা
১৬। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, পাবনা
১৭। সম্পাদক.......................................................................................(বিজ্ঞাপনটি পত্রিকার ভিতরের পাতায় ১১/১২/২৫ তারিখ ০১(এক) দিনের জন্য ৪ কলাম× ১২ ইঞ্চি আকারে প্রকাশ করে পত্রিকার ৫(পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
১৮। জেলা পরিষদ, পাবনার নোটিশ বোর্ড (ওয়েবসাইটসহ)

১০/১২/২৫
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ,পাবনা



CamScanner

# চাকরির আবেদন ফরম

৫×৫ সে.মি ছবি (সম্প্রতি তোলা চার কপি)

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম : | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর : | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| ৩. | প্রার্থীর নাম | বাংলা: | | | | | | | | |
| | | ইংরেজীতে ( বড় অক্ষরে) : | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় পত্র নম্বর: | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্ম স্থান (জেলা): |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন | | | | | | |
| ৮. | মাতার নাম: | | | | | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | | | | | |

| | ঠিকানা : | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| ১০. | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | ই-মেইল (যদি থাকে): | |
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডারঃ | |
| ১৪. | ধর্ম : | ১৫. | পেশা | |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ ( প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ্য করুন): |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | তারিখ: | | |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা ( টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ন সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ

প্রার্থীর স্বাক্ষর

CS CamScanner